**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ মহানবমী | মন্ডপে মন্ডপে উপচে পড়া ভীড় | অনাবিল আনন্দে মেতেছেন দর্শনার্থীরা |**

**(২) নয়াদিল্লিতে RSS-এর শতবর্ষ অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী |**

**(৩) সুর সম্রাট শচীন দেববর্মনের ১২০ তম জন্মদিন শ্রদ্ধার সাথে রাজ্যে পালিত |**

**(৪) ধর্মনগর সবজেল থেকে ছয় অভিযুক্ত পলাতক | পরে গ্রেপ্তার এক | বাকিদের খোঁজ চলছে |**

*****************************************************

## Durga Puja Maha Nabami:

আজ মহানবমী। চিরাচরিত প্রথা অনুযায়ী আজ আগরতলা দুর্গা বাড়িতেও নবমী পুজোর আয়োজন করা হয়। সকাল থেকেই মন্দিরে ও মন্ডপে মন্ডপে চলে মহা-নবমীর তিথি পুজো ও পুষ্পাঞ্জলি অর্পণ।

########Byte-ANJALI########

আজ হাজার হাজার দর্শনার্থী পুজো দেখতে মণ্ডপে মণ্ডপে ভিড় করছেন। গত রাতে বিভিন্ন স্থানে বৃষ্টি হলে, আজ সকালের পর থেকেই আবহাওয়া পরিষ্কার হয়ে যায়।ফলে দর্শনার্থী সহ মন্দিরে পুজো দেবার ধুম পড়ে যায়। আজ দূর্গা বাড়িতে পূজা দিয়েছেন সাংসদ রাজীব ভট্টাচার্য, পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী,

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক প্রমুখ। এদিকে, সন্ধ্যায় রাজধানীর বিভিন্ন পূজা মন্ডপে দর্শনার্থীদের ভীড় বাড়তে দেখা গেছে|

*******************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহানবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক শুভেচ্ছা বার্তায় তিনি সবার জন্য সৌভাগ্য, উন্নতি ও সাফল্য কামনা করেছেন।

*******************************

**PM-RSS:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নয়া দিল্লিতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ বা আরএসএস-এর শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে অংশ নেন৷ শতবর্ষ উদযাপন আরএসএস-এর ঐতিহ্য, তার সাংস্কৃতিক অবদান এবং দেশের একতা রক্ষায় তার ভূমিকা তুলে ধরে। সমাবেশে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, আরএসএস জাতি গঠনের জন্য কাজ করছে।তিনি বলেন, আজ থেকে ১00 বছর আগে এই মহান দিনে আরএসএস-এর প্রতিষ্ঠা কেবলমাত্র একটি কাকতালীয় ঘটনা ছিল না, বরং এটি ছিল এক প্রাচীন ঐতিহ্যের পুনর্জাগরণ, যা হাজার হাজার বছর ধরে চলমান ছিল।

*******************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, জাতি জনজাতির মেলবন্ধনের প্রকৃত দৃষ্টান্ত হলেন শচীন দেব বর্মন। ত্রিপুরাবাসী হিসাবে তাঁকে নিয়ে আমরা গর্ববোধ করি। আজ সুর সম্রাট শচীন দেব বর্মনের ১২০ তম জন্মদিন উপলক্ষে

তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে রবীন্দ্র শতবাবার্ষিকী ভবন  প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন ত্রিপুরার ছেলেমেয়েদের প্রতিভার অভাব নেই। আত্মবিশ্বাস রেখে চর্চা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন তিনি। সংগীতের সঙ্গে যুক্ত ছেলেমেয়েদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন আগামী দিনে নিজেদের সৃষ্টি ও গবেষণাকে আরো বাড়াতে হবে যাতে সৃষ্টির মধ্যেই নিজেকে খুঁজে পায়।এর আগে রবীন্দ্র ভবন প্রাঙ্গনে থাকা শচীন দেববর্মনের মর্মর  মূর্তিতে পুষ্পস্তবক ও ফুলমালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে তথ্য-সংস্কৃতি দপ্তরের সচিব পিকে চক্রবর্তী রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সরকারি সংগীত মহাবিদ্যালয় এর শিল্পীরা সংগীত পরিবেশন করেন।

এদিকে, খোয়াই ও বিলোনিয়াতেও শ্রদ্ধার সাথে সুর সম্রাট শচীন দেববর্মনের জন্মদিন পালন করা হয়|

*******************************

**SEVA PARV -RAILWAYS (ABSP):**

জনসেবা এবং সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তরনের পাশাপাশি উন্নত দেশ গড়ার লক্ষ্যে নিরন্তর কাজ করে চলেছে| আজ, এই বিশেষ সিরিজ -'সেবা পর্ব'-এ, আমরা আলোকপাত করছি অমৃত ভারত স্টেশন প্রকল্পের কয়েকটি বিষয়ে| শুনুন এই প্রতিবেদন|

##########v/o##########

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*******************************

**Absconding from jail:**

আজ সকাল ছয়টা কুড়ি নাগাদ কালিকাপুরে ধর্মনগর সাব জেলে রক্ষীকে মারধর করে পালিয়ে যায় ছয় অভিযুক্ত। জেল সুপারিনটেন্ডেন্ট তথা ধর্মনগরের এস ডি এম দেবযানী চৌধুরী জানান, সকালে কয়েদীদের জেলের ভেতর ছাড়া হয় ৷ এই সুযোগে গেদু মিয়াঁ নামে এক নিরাপত্তাকর্মীকে মারধর করে পালিয়ে যায় এক সাজাপ্রাপ্ত আসামী সহ ছয়জন। শ্রীমতি চৌধুরী জানান, এই ঘটনায় বিশেষ টিম গঠন করে তদন্ত করা হচ্ছে। পলাতকদের গ্রেপ্তার করতে সব রকমের ব্যবস্থা নেওয়া হয়েছে।  ধর্মনগরের এসডিপিও, ওসি সহ পদস্থ আধিকারিকরা ঘটনার তদন্ত করছেন৷

এসডিপিও জয়ন্ত কর্মকার জানান, একজন পলাতক আসামীকে গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের খোঁজ চলছে|

*******************************

**Central Cabinet- DA/DR:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে আজ কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য আরো এক কিস্তি মহার্ঘ ভাতা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে। এর ফলে, কেন্দ্রীয় কর্মচারীরা মূল বেতনের ওপর অতিরিক্ত ৩ শতাংশ ডিএ এবং পেনশনাররা ৩ শতাংশ ডি আর পাবেন। এই বৃদ্ধি এ বছরের পয়লা জুলাই থেকে কার্যকর করা হয়েছে।

এই অনুমোদনের ফলে সরকারি কোষাগার থেকে বার্ষিক ১০ হাজার ৮৩ কোটি ৯৬ লক্ষ টাকা ব্যয় হবে। উপকৃত হবেন ৪৯ লক্ষ ১৯ হাজার কেন্দ্রীয় কর্মচারী এবং ৬৮ লক্ষ ৭২ হাজার পেনশনভোগী।

সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে গৃহীত ফর্মুলা অনুযায়ী ডিএ 'র এই হার বৃদ্ধি করা হয়েছে।

*******************************

**Fish Sell Counter:**

বিজয়া দশমী উপলক্ষ্যে আগামীকাল রাজ্যের ২০টি সরকারি মৎস্য খামার থেকে ৭ হাজার ১০০ কেজি মাছ সরকারি নায্যমূল্যে বিক্রয় করা হবে। এর জন্য ত্রিপুরা মৎস্য উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে ২৩টি মাছ বিক্রয় কেন্দ্র খোলা হবে। এই মাছ বিক্রয় কেন্দ্রগুলিতে সরকারি নায্যমূল্যে কাতলা, রুই, মৃগেল, কারফিউ, সিলভার ইত্যাদি মাছ বিক্রয় করা হবে। কাঞ্চনপুর, পানিসাগর, গঙ্গানগর, ধর্মনগর, কমলপুর, কুমারঘাট, ফটিকরায় খোয়াই চাকমাঘাট, মান্দাই ও লেম্বুছড়া এসএফ অফিস কমপ্লেক্স ও কলমছড়া ফিস ব্রিড কমপ্লেক্স, কমলাসাগর ও উদয়পুর এফএম অফিস, উদয়পুর, ধনীসাগর খামার অফিস, উদয়পুর আরএম দীঘির খামার অফিস, অমরপুর ও সাব্রুম এসএফ অফিস

কমপ্লেক্স এবং মুহুরীপুরের এনএফএসএফ এবং করমছড়া ফিস ব্রিড ফার্ম থেকে মাছ বিক্রি করা হবে।

এদিকে, ত্রিপুরা এপেক্স ফিসারী কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের উদ্যোগে আগামীকাল নায্যমূল্য মাছে বিক্রি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই উপলক্ষে আগরতলা মহারাজগঞ্জ বাজারে এপেক্স ফিসারী কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের একটি মৎস বিক্রয় কেন্দ্র খোলা হবে।ত্রিপুরা এপেক্স ফিসারী কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের পক্ষ থেকে এখবর জানানো হয়েছে|

*******************************

**Maha Nabami /KAILASHAHAR:**

শারদ উৎসব ঘিরে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে মহানবমীর দিনে মন্ডপে মন্ডপে ছিল দর্শনার্থীদের ভীড়। ভক্ত প্রাণ মানুষ দেবী দুর্গা"কে ভক্তিভরে পুষ্পাঞ্জলি প্রদান করেন। মহানবমী'র দিনে আজ হোম বা যজ্ঞ অনুষ্ঠিত হয়েছে।আকাশ নির্মল থাকায় পথঘাটে জনস্রোত সকাল বেলা থেকেই ছিল। গোটা কৈলাশহর মহকুমায় এবছর ১১১ টি সার্বজনীন পূজা মন্ডপ রয়েছে। এরমধ্যে শহর এলাকায় ৩৬ টি মন্ডপ রয়েছে।

পূজার দিনগুলিতে শান্তি ও সুস্থিতি বজায় রাখতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ প্রশাসন। বিগ বাজেটের পূজা মন্ডপগুলিতে "থিম" পূজোর ছড়াছড়ি। অনেক মন্ডপে প্লাষ্টিক দূষন রোধ, বাল্যবিবাহ রোধ বিষয়ক সচেতনতাধর্মী প্রচারসজ্জা চোখে পড়ছে।

*******************************

**Sonamura Durgabari Puja:**

রাজ আমল থেকে চলে আসা সিপাহীজলা জেলার সোনামুড়ার ঐতিহ্যবাহী দুর্গাবাড়ির পূজা এবছর ১৮৭ তম বছরে পদার্পন করেছে। মহারাজা কৃষ্ণ কিশোরের সমহয়ে আসছে দূর্গাপূজা। পরবর্তি সময় ত্রিপুরার ভারতভুক্তি হলে মন্দিরে গঠিত হয় পরিচালন কমিটি। সময় সময় পরিচালন কমিটিতে নুতন নুতন মুখ এলেও এই পুজোকে ঘিরে মানুষের নিষ্ঠা আর ভক্তি এখনো অটুট রয়েছে।সেই টানেই এখনো প্রতি বছর দূর্গা পূজায় প্রচুর সংখ্যক মানুষের সমাগম হয় সোনামুড়ার শতাব্দী প্রাচীন এই পুজোতে ।

*******************************

**Sabekiyana puja korbook:**

গোমাতি জেলায় শহরের পাশাপাশি গ্রামীণ এলাকায় সাবেকিয়ানা পূজার আয়োজন ছিল জেলার প্রত্যন্ত মহকুমা করবুকে। বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা আকাশবানীর গোমাতি জেলার প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে জানান, করবুক মহকুমায় ২৩টি দূর্গা পূজার পুরানো। করবুকের তরুণ সংঘ এবছর ৪২ তম পূজা করছে।করবুকের পূর্ব মানিক্য দেওয়ান এ ডি সি ভিলেজের বৈরাগী দোকানের জমাতিয়া সম্প্রদায়ের পূজা এবছর ১০ বছরে পদার্পন করেছে। যতন বাড়ির লেবা ছড়া দশমী ঘাটের উদিয়মান সংঘের পূজা এবছর ৪০ বছরে পূর্ন হলো। নতুন বাজার স্বামীজী সংঘের পূজা ৪৫ বছরে পা দিয়েছে।

অমরপুর ডলুমার টিএসআর পঞ্চম বাহিনীর প্রতিমা, ও মণ্ডপ শিল্পী এবং পূজারী সবই টি এস আর জোওয়ান। এছাড়া নজর কেড়েছে অমরপুরের দেশবন্ধু ক্লাব ও রেড ষ্টার ক্লাব আয়োজিত পূজা মণ্ডপ।

*******************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি সবকটি জেলাতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা আছে বলে জানিয়েছে দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩0 ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪.১ ডিগ্রী সেলসিয়াস।

********************************

********************************